গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর, যশোর।

স্মারক নং- ৩১.৪০.৪১০৪.০০০.৩২.০০২.২৪- ৯৮৫

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বাং
৩০ ডিসেম্বর ২০২৫ ইং

## "২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ প্রদত্ত নির্দেশানুযায়ী এবং উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক, যশোর জেলার অভয়নগর উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল, সুন্দলী ইউনিয়নের আওতাভুক্ত ১। সুন্দলী কাচারী পুকুর .৩৮ একর, ২। সুন্দলী কানা পুকুর .৬৭ একর, ৩। গোবিন্দপুর মান্দারের বাড়ির পাশের পুকুর .২৯ একর আয়তন বিশিষ্ট। বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে, ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/মৎস্যজীবী সমিতি/ সি আই জি মৎস্যজীবী সমিতি /যুব মৎস্যজীবী সমিতি /মুক্তিযোদ্ধা সমিতির নিকট থেকে সরকারি জলমহাল নীতি, ২০০৯ অনুযায়ী নিমোক্ত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোরের কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে বাংলা ১৮ মাঘ হতে ২০ মাঘ ১৪৩২, (ইংরেজি ০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে) রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। এবং ঐদিনই বেলা ০২:০০ ঘটিকার সময় দরপত্রের বাক্স খোলা হবে। আবেদন সংক্রান্ত যে কোনো তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

| জলমহালের বিবরণ | | | | অনলাইনে ইজারার আবেদনপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|
| ক্র: নং | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | বার্ষিক ইজারা মূল্য | |
| ০১ | সুন্দলী কাচারী পুকুর | ০.৩৮ একর | ১৫,৭৫০/- | বাংলা ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (ইংরেজী ১৫ জানুয়ারী হতে ২৯ জানুয়ারী ২০২৬ খ্রি:) |
| ০২ | সুন্দলী কানা পুকুর | ০.৬৭ একর | ৪২,৫২৫/- | |
| ০৩ | গোবিন্দপুর মান্দারের বাড়ির পাশের পুকুর | ০.২৯ একর | ৬,৫৬৩/- | |

## "আবেদন দাখিলের শর্তাবলী"

০১. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা পার্শ্ববর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/মৎস্যজীবী সমিতি/সি আই জি মৎস্যজীবী সমিতি/যুব মৎস্যজীবী সমিতি /মুক্তিযোদ্ধা সমিতিকে অনলাইনে http://jm.lams.gov.bd নির্ধারিত পদ্ধতিতে আবেদন করতে হবে।

০২. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী মৎস্যজীবী/ যুব মৎস্যজীবী সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা গ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০৩. আবেদন পত্রের সাথে সংগঠন / সমিতির নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক হিসাবের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/ সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন পত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

০৪. প্রাপ্তীত ইজারামূল্য সরকারি ইজারা মূল্যের বেশী না হলে আবেদন পত্র গ্রহণ করা হবে না।

০৫. আবেদনপত্র মঞ্জুরের পর ১ম বৎসরের ইজারা মূল্য, ভ্যাট ও আইটি পরবর্তী সাত (০৭) কর্ম দিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ইজারার টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে পূর্বের জমাকৃত জামানত বাজেয়াপ্ত ও ইজারা বাতিল করা হবে।

০৬. ইজারার সম্পূর্ণ অর্থ জমা হওয়ার পর ইজারা গ্রহীতাকে সরকারি জলমহাল নীতি,২০০৯ মোতাবেক চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি পত্র ব্যাতীত জলমহাল দখল দেওয়া হবে না।

০৭. ইজারাকৃত জলমহাল কোন প্রকার সাবলীজ দেওয়া যাবে না।

০৮. উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রকৃত কার্যকর মৎস্যজীবী সমবায় সমিতি লি: হিসাবে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

০৯. আবেদনকারী সমিতি সমূহকে তাদের আবেদনের সাথে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর তাদের প্রদত্ত **ইজারা মূল্যের সাথে ২৫% জামানতস্বরূপ** ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এবং দুই বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত

CS CamScanner

করতে হবে। উক্ত জামানতের টাকা ইজারা প্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, প্রতি বছর ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% আইটি জমা দিতে হবে।

১০. সম্পূর্ণ টাকা পরিশোধের পর ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল নির্বাচিত ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে।

১১. জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোনো কারণে আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে জলমহাল বন্দোবস্ত গ্রহণের জন্য অনলাইন আবেদনের সহিত ৫০০/- (পাঁচশত) টাকা (যা অফেরতযোগ্য) সরকারি নির্দিষ্ট কোডে (জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১) জমা প্রদান করে চালানের কপি সংযুক্ত করতে হবে।

৩০/১২/২০২৫

শেখ সালাউদ্দিন দিপু
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
অভয়নগর, যশোর।

স্মারক নং- ০৫.৪৪.৪০৪.০০১.০৭.০০৫.২৪- ৯৮৫/১(৫০)

তারিখঃ ৩০/১২/২০২৫ ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. জেলা প্রশাসক, যশোর। সদয় অবগতির জন্য
০২. উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর ।
০৩. প্রশাসক, উপজেলা পরিষদ,অভয়নগর, যশোর।
০৪. জেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, যশোর।
০৫. উপজেলা...................... অফিসার/ অফিসার-ইনচার্জ, অভয়নগর, যশোর।
০৬. প্যানেল চেয়ারম্যান, সুন্দলী ইউনিয়ন পরিষদ, অভয়নগর, যশোর। (অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নওয়াপাড়া পৌর/ ইউনিয়ন ভূমি অফিস, অভয়নগর, যশোর।
০৮. সভাপতি/ সম্পাদক................................. মৎস্যজীবী সমিতি লি:,অভয়নগর, যশোর।
০৯. সভাপতি/সম্পাদক ................................. অভয়নগর, যশোর।

৩০/১২/২০২৫

আশীষ কুমার বসু
সহকারী কমিশনার (ভূমি)
এবং
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
অভয়নগর, যশোর।

CamScanner